আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/30/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মিড-হাডসন অঞ্চলে আবাসন উন্নয়ন ত্বরান্বিত করতে মিড-হাডসন মোমেন্টাম ফান্ডের দ্বিতীয় রাউন্ড বরাদ্দের ঘোষণা দিলেন

দ্বিতীয় রাউন্ডের অর্থায়নে 60 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দিয়ে 10টি কৌশলগত প্রকল্পে সহায়তা প্রদান করা হবে, যার মাধ্যমে নতুন আবাসন নির্মাণ, গুরুত্বপূর্ণ পরিকাঠামো উন্নয়ন এবং ভবিষ্যৎ উন্নয়নের সম্ভাবনা উন্মোচন করা হবে

বরাদ্দগুলো গভর্নরের প্রো-হাউজিং কমিউনিটিজ প্রোগ্রামের অধীনে আবাসন-বান্ধব কমিউনিটি এবং একাধিক কাজে-ব্যবহারযোগ্য, পরিবহন-কেন্দ্রিক উন্নয়নকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রেখেছে

মিড-হাডসন মোমেন্টাম ফান্ড সম্পর্কে বিস্তারিত জানতে esd.ny.gov/momentum

আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) মিড-হাডসন মোমেন্টাম ফান্ডের অধীনে দ্বিতীয় রাউন্ডের অনুদানের ঘোষণা দিয়েছেন, যার মাধ্যমে মিড-হাডসন অঞ্চলের দশটি রূপান্তরমূলক প্রকল্পে সহায়তার জন্য 60 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ প্রদান করা হবে। এই অনুদানগুলি গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন এবং মিশ্র-ব্যবহার প্রকল্পগুলিতে মোট 627 মিলিয়ন মার্কিন ডলার সরকারি-বেসরকারি বিনিয়োগকে কাজে লাগাবে যা অরেঞ্জ, রকল্যান্ড, সুলিভান, আলস্টার এবং ওয়েস্টচেস্টার কাউন্টি জুড়ে উল্লেখযোগ্য নতুন আবাসন উন্নয়ন সক্ষম করবে। প্রকল্পগুলির মধ্যে রয়েছে নতুন একাধিক উদ্দ্যেশে-ব্যবহার এবং একাধিক-আয়ের আবাসন উন্নয়ন থেকে শুরু করে প্রয়োজনীয় পানি শোধনাগার সুবিধা এবং পয়ঃনিষ্কাশন অবকাঠামো যা একসাথে 8,000 এরও বেশি নতুন আবাসন ইউনিট উন্মোচন করবে, যার মধ্যে 2,000টিরও বেশি সাশ্রয়ী মূল্যের হবে।

"মিড-হাডসন মোমেন্টাম ফান্ড-এর দ্বিতীয় দফার অনুদান নিউ ইয়র্কের গুরুত্বপুর্ন আবাসন সংকট মোকাবেলায় আমাদের সক্রিয় পদক্ষেপকে প্রতিফলিত করে, একই সঙ্গে তা সমৃদ্ধ ও স্থিতিস্থাপক কমিউনিটি গড়ে তুলতে প্রয়োজনীয় পরিকাঠামোকে আরো শক্তিশালী করে তোলে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অরেঞ্জ কাউন্টিতে পরিষ্কার পানির নিরাপত্তা নিশ্চিত করা থেকে শুরু করে মাউন্ট ভারনন শহরের কেন্দ্র সংস্কার করা পর্যন্ত—এই কৌশলগত বিনিয়োগগুলো আমাদের প্রো-হাউজিং কমিউনিটিগুলোর সঙ্গে চলমান অংশীদারিত্বকে তুলে ধরে, যারা সক্রিয়ভাবে প্রবৃদ্ধি ও অর্থনৈতিক সুযোগের পক্ষে কাজ করছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "এই দশটি প্রকল্প নিউ ইয়র্কের দূরদর্শী দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে, যা আমাদের দ্রুততার সাথে প্রয়োজনীয় আবাসন চাহিদা পূরণ এবং দীর্ঘদিন ধরে উন্নয়নে বাধা সৃষ্টি করে আসা পরিকাঠামোগত চ্যালেঞ্জগুলো মোকাবেলায় গ্রহণ করা হয়েছে। গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বে আমরা এমন মৌলিক ব্যবস্থাগুলিতে বিনিয়োগ করছি, যা আগামী কয়েক দশক জুড়ে মিড-হাডসন অঞ্চলে টেকসই প্রবৃদ্ধি ও অর্থনৈতিক সুযোগের ভিত্তি গড়ে তুলবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "আজ ঘোষিত 10টি মিড-হাডসন মোমেন্টাম প্রকল্প প্রথম রাউন্ডের অর্থায়নের ভিত্তির ওপর নির্মিত, গভর্নরের উদ্ভাবনী প্রো-হাউজিং কমিউনিটিজ প্রোগ্রাম (Pro-Housing Communities Program)-কে পরিপূরক করে এবং হাডসন ভ্যালি জুড়ে অন্যান্য কমিউনিটির জন্য একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করবে। আমরা এই রিজিয়নে প্রো-হাউজিং সনদপ্রাপ্ত (Pro-Housing Certified) কমিউনিটিগুলোতে 8,000টি নতুন ও বৈচিত্র্যময় আবাসনের সুযোগ সৃষ্টির জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ ভিত্তিপ্রস্তর কাজগুলোতে বিনিয়োগের মাধ্যমে সমন্বিত ও সার্বিক সমাধানের প্রতি আমাদের প্রতিশ্রুতি প্রদর্শন করছি এবং এটাই এই উদ্যোগ আবাসনের সরবরাহ বাড়ানোর পাশাপাশি কমিউনিটিগুলিকে সাফল্যের জন্য প্রস্তুত করে এবং সেগুলোকে এমন প্রাণবন্ত স্থান হিসেবে গড়ে তোলে যেখানে বসবাসকারী বাসিন্দা ও ব্যবসায়ী উভয়ই উন্নতি করতে পারে।"

MHREDC এর কো-চেয়ার Dr. Marsha Gordon (ড. মার্শা গর্ডন) এবং Dr. Kristine Young (ড. ক্রিস্টিন ইয়ং) বলেন, "মিড-হাডসন মোমেন্টাম ফান্ডের মাধ্যমে করা এই কৌশলগত বিনিয়োগগুলো আমাদের অঞ্চলের আবাসন এবং পরিকাঠামোগত চাহিদা পূরণে অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির পথ প্রশস্ত করবে। এই প্রকল্পগুলোর বৈচিত্র্যময়তা - অপরিহার্য পানিয় ব্যবস্থা থেকে শুরু করে একাধিক উদ্দেশ্যে-ব্যবহারের উন্নয়ন - আমাদের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের অগ্রাধিকারগুলিকে সরাসরি এগিয়ে নিয়ে যায় এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির জন্য আমাদের কমিউনিটিগুলিকে একটা পর্যায়ে নিয়ে যায়। একসাথে তারা টেকসই কমিউনিটি তৈরি, জীবনযাত্রার মান বৃদ্ধি এবং মিড-হাডসন অঞ্চলের পূর্ণ সম্ভাবনা উন্মোচনের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপের প্রতিনিধিত্ব করে।"

প্রতিনিধি George Latimer (জর্জ ল্যাটিমার) বলেন, "ওয়েস্টচেস্টার কাউন্টিতে অব্যাহত বিনিয়োগের জন্য গভর্নর Hochul (হোকল) এবং স্টেট নেতাদের ধন্যবাদ। এটি আর গোপন বিষয় নয় যে, আমাদের অঞ্চলে আরো বেশি আবাসনের প্রয়োজন এবং সেটা খুবই দ্রুত প্রয়োজন। আমি অত্যন্ত খুশি যে ইয়ংকার্স, পোর্ট চেস্টার, মাউন্ট ভারনন এবং নিউ রোশেলকে পরিকাঠামো উন্নয়নের জন্য এবং মিশ্র-ব্যবহারযোগ্য ও পরিবহন-কেন্দ্রিক প্রকল্প সম্পূর্ণ করার ক্ষেত্রে অর্থায়নের জন্য নির্বাচিত করা হয়েছে। এই কৌশলগত বিনিয়োগগুলো আমাদের কমিউনিটিগুলিকে শক্তিশালী করবে এবং আগামী বহু বছর ধরে সেগুলোকে বাসযোগ্য করে তুলবে।"

মেজরিটি লিডার Andrea Stewart-Cousins (আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন্স) বলেন,"আমার নেতৃত্বে, আমাদের সিনেট সংখ্যাগরিষ্ঠ দল এমন বিনিয়োগগুলোকে অগ্রাধিকার দিয়েছে যা নেইবারহুডগুলোকে শক্তিশালী করে এবং প্রাণবন্ত একটি কমিউনিটি গড়ে তোলে, এবং লাডলোর স্টেশনে ব্রিজওয়াটার নর্থ ও পার্কের উপর অবস্থিত দ্য অ্যাবি এর জন্য এই মিড-হাডসন মোমেন্টাম ফান্ডের অনুদানগুলো সেই প্রতিশ্রুতির একটি অসাধারণ উদাহরণ। এই রূপান্তরমূলক প্রকল্পগুলো ইয়ংকার্সে নতুন ও মানসম্মত আবাসন তৈরি করবে, যা মিশ্র-ব্যবহারযোগ্য ও পরিবহন-কেন্দ্রিক উন্নয়নের মাধ্যমে আমাদের নেইবারহুডগুলোকে সমৃদ্ধ করবে এবং সকল বাসিন্দার জন্য সুযোগ সৃষ্টি করবে। আমি গর্বিত যে আমি এমন উদ্যোগগুলোকে সমর্থন দিচ্ছি যা নিশ্চিত করবে ইয়ংকার্স আগামীর প্রজন্মের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক, সাদর-স্বাগতপূর্ণ এবং গতিশীল শহর হিসেবে উন্নতি অব্যাহত বজায় রাখবে। আমি গভর্নর Hochul (হোকল), আমার সিনেট সংখ্যাগরিষ্ঠ সহকর্মী এবং আমাদের অ্যাসেম্বলি অংশীদারদেরকে নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটি ভিত্তিক প্রকল্পে বিনিয়োগ করার তাদের অব্যাহত প্রচেষ্টার জন্য কৃতজ্ঞতা জানাই।"

স্টেট সিনেটর Shelley B. Mayer (শেলি বি. মেয়ার) বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে ভিলেজ অব পোর্ট চেস্টার এবং ইয়ংকার্স শহরকে পরিকাঠামোগত উন্নয়ন ও আবাসনের সহজলভ্যতা বৃদ্ধির লক্ষ্যে মিড-হাডসন মোমেন্টাম ফান্ডের দ্বিতীয় রাউন্ডের অর্থায়নের জন্য নির্বাচিত করা হয়েছে। পোর্ট চেস্টারের প্রাক্তন ইউনাইটেড হাসপাতালের সাইটে সাশ্রয়ী ও প্রবীণ নাগরিকদের জন্য আবাসন সম্প্রসারণের সাথে সংশ্লিষ্ট প্রকল্পগুলির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ এবং ইয়ংকার্সে পরিবহন-কেন্দ্রিক মিশ্র-ব্যবহার উন্নয়নের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থায়ন আমাদের প্রাণবন্ত কমিউনিটিগুলোর ধারাবাহিক প্রবৃদ্ধিকে ব্যাপকভাবে সহায়তা করবে। আমি এই দুই কমিউনিটির প্রতিনিধিত্ব করতে পেরে গর্বিত। ওয়েস্টচেস্টারে এই বিনিয়োগের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) কে আমার আন্তরিক ধন্যবাদ।"

স্টেট সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চে) বলেন, "কিংস্টনের কোয়ালিটি ইন কনভার্সন প্রকল্পটি আলস্টার কাউন্টিতে স্থায়ী, সহায়ক আবাসনের জরুরি প্রয়োজনীয়তার কথা বলে - যা আমাদের সবচেয়ে বেশি প্রয়োজনে থাকা প্রতিবেশীদের এমন একটি মডেলের মাধ্যমে স্থিতিশীলতা খুঁজে পেতে সহায়তা করে যা নিরাপদ, দীর্ঘমেয়াদী আবাসন এবং অন-সাইট পরিষেবাগুলিকে একত্রিত করে। এটি একটি সুচিন্তিত বিনিয়োগ, যা মর্যাদা পুনঃস্থাপন এবং সুযোগ সৃষ্টির মাধ্যমে নিঃসন্দেহে মানুষের জীবনমান উন্নত করবে এবং আমাদের কমিউনিটিকে আরো বেশি শক্তিশালী করে তুলবে। বছরের পর বছর ধরে আমি এই প্রকল্পের পক্ষে সমর্থন জানিয়ে গর্ব অনুভব করেছি এবং এটি যে মিড-হাডসন মোমেন্টাম ফান্ড-এর মাধ্যমে অতিরিক্ত 2.5 মিলিয়ন মার্কিন ডলার স্টেট সহায়তা পাচ্ছে, তাতে আমি অত্যন্ত আনন্দিত এবং আমি গভর্নরের প্রতি তার ধারাবাহিক এই সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি।"

অ্যাসেম্বলিমেম্বার Steve Otis (স্টিভ ওটিস) বলেন, "মিড-হাডসন মোমেন্টাম ফান্ড আমাদের অঞ্চলের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলোর সহায়তায় একটি গুরুত্বপূর্ণ ও মূল কার্যক্রম। এই অর্থায়ন পোর্ট চেস্টার এবং নিউ রোশেল-এ গতিশীল প্রকল্প নির্মাণে

নিয়োজিত বরাদ্দপ্রাপ্তদের জন্য একটি গুরুত্বপূর্ণ সহায়তা হবে। আমি এই গুরুত্বপূর্ণ অর্থায়নের সুযোগ সৃষ্টি করার গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার Hope Knight (হোপ নাইট), সিনেট এবং অ্যাসেম্বলির প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি।"

অ্যাসেম্বলিমেম্বার Jonathan Jacobson (জনাথন জ্যাকবসন) বলেন, "আবাসনের ঘাটতির সংকট সমাধানের একমাত্র উপায় হলো আরো বেশি আবাসন নির্মাণ করা। আমি গভর্নরের মোমেন্টাম ফান্ডের মাধ্যমে মিড-হাডসন ভ্যালিতে আরো বেশি আবাসন নির্মাণের উদ্যোগের প্রশংসা করছি। আমি স্টেট বাজেটে এই গুরুত্বপূর্ণ কর্মসূচিকে সমর্থন দিতে পেরে গর্বিত ছিলাম।"

ওয়েস্টচেস্টার কাউন্টি এক্সিকিউটিভ Ken Jenkins (কেন জেনকিন্স) বলেন, "আমি নিউ ইয়র্ক স্টেট জুড়ে আবাসন সংকট মোকাবেলায় নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এর প্রতি ধন্যবাদ জানাই। ওয়েস্টচেস্টার কাউন্টিতে আমরা আরো বেশি সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণে কঠোর পরিশ্রম করা চালিয়ে যাচ্ছি এবং মোমেন্টাম ফান্ডের এই বিনিয়োগ এমন একটি মোড় ঘুরিয়ে দেবে যা আরো অনেক মানুষকে একটি উষ্ণ ও নিরাপদ ঘর নিশ্চিত করতে সাহায্য করবে। এই অর্থায়ন হাডসন ভ্যালিতে 2,000টি নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট উন্নয়নে সহায়তা করবে। এটি শুধু ভবন নির্মাণের বিষয় নয়—বরং এটি হলো প্রাণবন্ত ও সমতাভিত্তিক কমিউনিটি গড়ে তোলার ব্যাপার, যেখানে বর্তমান ও আগামী প্রজন্ম সবাই সমান সুযোগে উন্নতি করতে পারে।"

ইয়ংকার্সের মেয়র Mike Spano (মাইক স্পানো) বলেন, "আবাসন সংকট মোকাবেলা এবং বিশেষ করে ইয়ংকার্সে এটি অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং স্টেট ডেলিগেশনের সবাইকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক স্টেটের তৃতীয় বৃহত্তম শহরের মেয়র হিসেবে পরিবহন-কেন্দ্রিক উন্নয়নের গুরুত্ব আমাদের বাসিন্দা ও পরিবারদের আরো উন্নত জীবনযাত্রার সুযোগ নিশ্চিত করে।"

মিড-হাডসন মোমেন্টাম ফান্ড গভর্নর Hochul (হোকল) এর প্রো-হাউজিং কমিউনিটিজ প্রোগ্রামের মাধ্যমে টেকসই প্রবৃদ্ধির জন্য প্রতিশ্রুতিবদ্ধ স্থানীয় কমিউনিটিগুলোকে অগ্রাধিকার দিতে অব্যাহত রেখেছে। যেসব কমিউনিটি সক্রিয়ভাবে পারমিটিং প্রক্রিয়া সহজতর করছে এবং প্রো-ডেভেলপমেন্ট নীতিমালা গ্রহণ করছে, তারা বিবেচনাধীন স্টেট অর্থায়নের ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকে। আজকে অর্থায়ন প্রাপ্ত দশটি প্রকল্পের মধ্যে নয়টি প্রো-হাউজিং সনদপ্রাপ্ত কমিউনিটিগুলোতে অবস্থিত এবং বাকি একটি প্রকল্প মন্টিসেলো গ্রামে অবস্থিত, যা সনদধারী হওয়ার জন্য একটি লেটার অব ইনটেন্ট জমা দিয়েছে।

2023 সালে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বাড়ানো, আবাসনের সাশ্রয়ীতা নিশ্চিত করা এবং টেকসই আঞ্চলিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার ব্যাপক উদ্যোগের অংশ হিসেবে মিড-হাডসন মোমেন্টাম ফান্ড নামে 150 মিলিয়ন মার্কিন ডলারের একটি তহবিল চালু করেন। নির্বাচিত প্রকল্পগুলো মিড-হাডসন আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের কৌশলগত পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ, যা জনসমর্থন প্রদর্শন করে, সাশ্রয়ী মূল্যের ইউনিট

সরবরাহ করে এবং বাড়তি আবাসন ঘনত্ব সহজ করতে পরিকাঠামো উন্নত করে। উভয় অর্থায়ন ধাপে, এই কর্মসূচি এখন পর্যন্ত মিড-হাডসনের ছয়টি কাউন্টির বিস্তৃত প্রকল্পে 127 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে, যা ফান্ডের আঞ্চলিক প্রভাব এবং মিড-হাডসন ভ্যালির সার্বিক উন্নয়ন চ্যালেঞ্জ মোকাবেলার ব্যাপক দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে। এই প্রকল্পগুলো 10,600 এর বেশি আবাসন ইউনিট উন্মোচন করবে, যার মধ্যে 3,400টিরও বেশি সাশ্রয়ী মূল্যের ইউনিট রয়েছে।

রাউন্ড II বরাদ্দ গ্রহীতা:

- **কিরিয়াস জোয়েল** ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসিলিটি ইমপ্লিমেন্টেশন প্রজেক্ট (অরেঞ্জ কাউন্টি) **এর জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার** – মাল্টি-ফেজড ক্যাটসকিল অ্যাকুএডাক্ট কানেকশন প্রকল্পের চূড়ান্ত উপাদান হিসেবে এই নতুন পানি পরিশোধন কেন্দ্রটি অনেক নতুন আবাসন উন্নয়নের জন্য অপরিহার্য স্থিতিশীল পানি সরবরাহ নিশ্চিত করবে। এই প্রকল্পটি গ্রামটিকে বিদ্যমান কূপগুলোকে ব্যাকআপ সিস্টেমে রূপান্তর করার সুযোগ দেয়, যা আবাসন বৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ বাধা দূর করবে এবং 5,229টি ইউনিট তৈরি করবে, যার মধ্যে 1,047টি সাশ্রয়ী মূল্যের ইউনিট রয়েছে। প্রকল্পের মোট ব্যায় 52.5 মিলিয়ন ডলারের বেশি।
- **10 মিলিয়ন মার্কিন ডলার** হলো **রামাপো শহর অবকাঠামো উন্নয়ন (রকল্যান্ড কাউন্টি) এর জন্য** – গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়নের অংশ হিসেবে প্রায় দুই মাইল নতুন পয়ঃনিষ্কাশন পাইপলাইন ও একটি নতুন পানি সরবরাহ লাইন নির্মাণ করা হচ্ছে, যা উত্তর-পূর্বাঞ্চলের অবহেলিত এলাকাগুলিকে পরিষেবার আওতায় নিয়ে আসবে। এই উন্নয়নগুলো পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার যে ঘাটতি বর্তমানে আবাসন ও বাণিজ্যিক উন্নয়নের অগ্রগতি ব্যাহত করছে, তার সমাধানের লক্ষ্যে কাজ করবে। এই প্রকল্পের মাধ্যমে মোট 20 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প ব্যয়ে মোট 1,196টি আবাসন ইউনিট নির্মাণের পথ খুলে যাবে, যার মধ্যে 296টি হবে স্বল্পমূল্যের আবাসন ইউনিট।
- **10 মিলিয়ন মার্কিন ডলার** হলো **ওয়েস্টচেস্টার ক্রসিং (ওয়েস্টচেস্টার কাউন্টি) এর জন্য** – পোর্ট চেস্টারে অবস্থিত পূর্বের ইউনাইটেড হাসপাতালের জায়গায় পরিকাঠামো উন্নয়নের আওতায় নতুন পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও বৃষ্টির পানি ব্যবস্থাপনা ব্যবস্থার পাশাপাশি সড়ক ও ফুটপাত নির্মাণ অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রকল্পটি আবাসিক ও সিনিয়র লিভিংসহ আগামীর মিশ্র-ব্যবহারের উন্নয়নকে সহায়তা করবে, যার আওতায় 975টি আবাসন ইউনিট নির্মিত হবে, তার মধ্যে 87টি হবে স্বল্পমূল্যের ইউনিট এবং মোট প্রকল্প ব্যয় 25.4 মিলিয়ন মার্কিন ডলার।
- **7.5 মিলিয়ন মার্কিন ডলার** হলো **লুডলো স্টেশনে ব্রিজওয়াটার নর্থ (ওয়েস্টচেস্টার কাউন্টি) এর জন্য** – ইয়োঙ্কার্সে একটি ট্রানজিট-ভিত্তিক মিশ্র-ব্যবহারের উন্নয়ন যেখানে 208টি নতুন অ্যাপার্টমেন্ট রয়েছে, যার মধ্যে রয়েছে 21টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট, গ্রাউন্ড ফ্লোর রিটেইল, স্পা এবং পার্কিং গ্যারেজ। এই প্রকল্পের মধ্যে রয়েছে একটি বিস্তৃত কমিউনিটি বেনিফিট প্রোগ্রাম যা ও'বয়েল পার্ককে সংস্কার করবে এবং নতুন ব্রিজ স্ট্রিট পার্ক এবং প্রোমেনেড নির্মান করবে। প্রকল্পের মোট ব্যায় প্রায় 113 মিলিয়ন মার্কিন ডলার।

- **5 মিলিয়ন মার্কিন ডলার** হলো **কিউওওয়েস্ট (ওয়েস্টচেস্টার কাউন্টি) এর জন্য** – মাউন্ট ভারনন এর ডাউনটাউন সংস্কার প্রকল্পের একটি প্রধান উদ্দীপক হিসেবে, পরিত্যক্ত গেটওয়ে ভবনগুলোর পরিবর্তে দুটি নতুন ভবন নির্মিত হবে, যেখানে আবাসিক ইউনিট ও বাণিজ্যিক স্থান থাকবে। এই উন্নয়ন প্রকল্পের আওতায় একটি পার্কিং কাঠামোও অন্তর্ভুক্ত রয়েছে, যা শহরের পরিবহন-কেন্দ্রিক উন্নয়ন অঞ্চলে জন বিন্যাস বৃদ্ধিকে সহায়তা করবে। মোট 158 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রকল্প ব্যয়ে এই প্রকল্পের মাধ্যমে 228টি আবাসন ইউনিট নির্মাণের পথ খুলবে, যার সবকটিই সাশ্রয়ী মুল্যের ইউনিট।
- **5 মিলিয়ন মার্কিন ডলার** হলো **স্টেলা ফেজ II (ওয়েস্টচেস্টার কাউন্টি) এর জন্য** – নিউ রোচেলার মেট্রো-নর্থ স্টেশনের কাছে একটি পরিবর্তনমুলক মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্পের আওতায় আধুনিক সুযোগ-সুবিধাসহ 126টি স্বল্পমূল্যের কনডোমিনিয়াম ইউনিট নির্মিত হবে এবং শহরের প্রথম স্বল্পমূল্যের ডেন্টাল ক্লিনিক স্থাপন করা হবে। মোট 100 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ব্যয়ে নির্মিত এই সম্পূর্ণ বৈদ্যুতিক ও LEED-সার্টিফায়েড প্রকল্পটি হবে কয়েক দশকের মধ্যে ওয়েস্টচেস্টার কাউন্টিতে প্রথম হাই-রেইস সাশ্রয়ী মূল্যের কনডোমিনিয়াম।
- **4.2 মিলিয়ন মার্কিন ডলার** হলো **সো বিল্ডিং পুনর্নির্মাণ (অরেঞ্জ কাউন্টি) এর জন্য** – নিউবার্গের লিবার্টি স্ট্রিট নেইবারহুডে একটি ঐতিহাসিক গুদামঘর পুনঃনির্মাণের মাধ্যমে একটি প্রাণবন্ত মিশ্র-ব্যবহারের স্থান তৈরি করা হবে, যার মধ্যে থাকবে 53টি অ্যাপার্টমেন্ট (যার মধ্যে 5টি স্বল্পমূল্যের), এবং একটি জিম, রেস্তোরাঁ ও শিল্পকলা স্টুডিওসহ বাণিজ্যিক ইউনিট। অভিযোজিত পুনঃব্যবহার প্রকল্পটি ঐতিহাসিক নিউবার্গ ওয়াটারফ্রন্ট থেকে হাঁটার দূরত্বে অবস্থিত। মোট প্রকল্পের ব্যয় প্রায় 22 মিলিয়ন ডলার।
- **3.75 মিলিয়ন মার্কিন ডলার** হলো **দ্য অ্যাবে অন পার্ক (ওয়েস্টচেস্টার কাউন্টি) এর জন্য** – ইয়োঙ্কার্সে একটি মিশ্র আয়ের আবাসন উন্নয়ন, যেখানে তিনটি ভবনে 81টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট রয়েছে, যেখানে অভিযোজিত পুনঃব্যবহার এবং নতুন নির্মাণের সমন্বয় রয়েছে। অবকাঠামোগত উন্নয়নের মধ্যে রয়েছে পার্কিং গ্যারেজ বৃদ্ধি, অ্যাক্সেসিবিলিটি আপগ্রেড, ড্রেনেজ উন্নতি এবং সবুজ পুনর্নবীকরণযোগ্য প্রযুক্তি ইন্টিগ্রেশন। মোট প্রকল্পের ব্যয় প্রায় 58 মিলিয়ন মার্কিন ডলার।
- **2.5 মিলিয়ন মার্কিন ডলার** হলো **মন্টিসেলো ম্যানর লফ্টস (সুলিভান কাউন্টি) এর জন্য** – 76টি আবাসিক ইউনিটের মাধ্যমে নতুন মিশ্র-ব্যবহার, পরিবহন-ভিত্তিক উন্নয়নকে সমর্থন করে অবকাঠামোগত উন্নতি, যার মধ্যে প্রতিবন্ধী এবং আঘাতজনিত মস্তিষ্কের ব্যাধিযুক্ত ব্যক্তিদের জন্য বিশেষায়িত আবাসন অন্তর্ভুক্ত রয়েছে। মোট প্রায় 37 মিলিয়ন মার্কিন ডলারের ব্যয়ে, এই প্রকল্পের আওতায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন, সড়ক ও ফুটপাতের উন্নয়ন, পরিবেশবান্ধব প্রযুক্তি এবং দূষিত জমির পুনর্বাসন (ব্রাউনফিল্ড সাইট রিমেডিয়েশন) অন্তর্ভুক্ত রয়েছে।
- **2.5 মিলিয়ন মার্কিন ডলার** হলো **কোয়ালিটি ইন কনভারসন (আলস্টার কাউন্টি) এর জন্য** – পূর্বের কোয়ালিটি ইন হোটেল ভবনের এই রূপান্তরের মাধ্যমে 83টি স্বল্পমূল্যের আবাসন ইউনিট তৈরি হবে, পাশাপাশি বাণিজ্যিক স্থানের মধ্যে থাকবে একটি থেরাপিউটিক সুইমিং পুল, সহায়তামূলক পরিষেবার অফিস এবং একটি কমিউনিটি রুম। পুরোনো রেস্তোরাঁটি পুনঃনির্মাণ করা হবে যাতে সেখানে একটি শিশু ডে-কেয়ার এবং একটি কমিসারি কিচেন থাকবে। প্রকল্পের মোট ব্যয় 41 মিলিয়ন মার্কিন ডলারের বেশি।

গভর্নর Hochul (হোকলের) আবাসন এজেন্ডা
নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর Hochul (হোকল) প্রতিশ্রুতিবদ্ধ। 2026 অর্থবছরের প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) স্টেট ব্যাপী আবাসনের জন্য 1.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি নতুন স্টেট তহবিল নিশ্চিত করেছেন, যার মধ্যে অন্যান্য আবাসন উদ্যোগের আওতায় আবাসন উন্নয়নে সহায়তা করার জন্য গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলিতে তহবিল সরবরাহের জন্য প্রো-হাউজিং কমিউনিটির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, মিশ্র আয়ের আবাসন উন্নয়নের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার, গৃহহীন বা আসন্ন গৃহহীনতার ঝুঁকিতে থাকা পরিবারগুলিকে মোকাবেলা করার জন্য হাউজিং অ্যাক্সেস ভাউচার (Housing Access Voucher Program) প্রোগ্রামের প্রথম বছরের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার এবং আরো সাশ্রয়ী মূল্যের স্টার্টার হোম নির্মাণের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রয়েছে। 2025 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে, গভর্নর নতুন কর প্রণোদনা, মূলধন তহবিল এবং ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য একটি যুগান্তকারী চুক্তি নিশ্চিত করেছেন। তাছাড়াও 2023 অর্থবছরের কার্যকর বাজেটের অংশ হিসেবে, গভর্নর একটি পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা ঘোষণা করেছেন, যার মাধ্যমে স্টেট ব্যাপী 100,000টি সাশ্রয়ীমুল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা হবে এবং এর মধ্যে রয়েছে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক সেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000টি বাড়ির বৈদ্যুতিকীকরণ। এখন পর্যন্ত প্রায় 60,000টি বাড়ি তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

2025 অর্থবছরের বাজেট 2023 সালে গভর্নর কর্তৃক চালু করা প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রামকেও শক্তিশালী করেছে। প্রো-হাউজিং সার্টিফিকেশন এখন স্থানীয়দের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনামূলক তহবিল অ্যাক্সেস করার জন্য প্রয়োজনীয়। বর্তমানে, 300টিরও বেশি কমিউনিটিকে প্রত্যয়িত করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন